## বাপেক্স -এর ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)' এপ্রিল, ২০২৫ পর্যন্ত অগ্রগতি

বাপেক্স এর কৌশলগত উদ্দেশ্যসমূহ :

| | | |
|---|---|---|
| ১.১ | ১)জ্বালানি অনুসন্ধানে সার্ভে কার্যক্রম জোরদারকরণ | **ভূতাত্ত্বিক জরিপ (লক্ষ্যমাত্রা ৯০ লাইন কি.মি. এলাকা- গারো পাহাড় ভূগঠন এর পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠন):**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ সর্বমোট ৯০ লাইন কি.মি.। ২০২৪-২৫ অর্থবছরে গারো পাহাড় ভূগঠন এর পশ্চিম অংশ ও তৎসংলগ্ন ভূগঠনে (শেরপুর জেলার নালিতাবাড়ী, ঝিনাইগাতী ও শ্রীবরদী উপজেলা, জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলা এবং কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর ও রৌমারী উপজেলা) গত ২৪ নভেম্বর ২০২৪ খ্রিঃ মাঠপর্যায়ে ভূতাত্ত্বিক জরিপ এপ্রিল, ২০২৫ মাসে সার্ভে- ১৫ লাইন কি.মি সম্পন্ন এবং শিলা নমুনা সংগ্রহ হয়েছে -০৬ টি। ক্রমপুঞ্জিভূত সার্ভে- ৯৫ লাইন কি.মি এবং শিলা নমুনা সংগ্রহ ১০২ টি। |
| ১.২ | | **দ্বিমাত্রিক জরিপ (লক্ষ্যমাত্রা ৯০০ লাইন কি.মি.; ব্লক-৬বি সাউথ এন্ড ১০):**<br>২০২৪-২০২৫ অর্থবছরে "২ ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬বি সাউথ এন্ড ১০" শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত নোয়াখালী, লক্ষীপুর, কুমিল্লা, চাঁদপুর জেলা এবং তৎসংলগ্ন এলাকাতে নিজস্ব জনবল দ্বারা ৯০০ কি.মি সাইমিক উপাত্ত সংগ্রহের কার্যক্রম সম্পন্ন হয়েছে। |
| ১.৩ | | **ত্রিমাত্রিক জরিপ (লক্ষ্যমাত্রা: ভোলা এলাকায় "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া" শীর্ষক প্রকল্পের ডিপিপি অর্থবিভাগে প্রেরণ):**<br>বাপেক্স পরিচালনা পর্ষদের ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৪৯৩তম সভায় উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অনুমোদনের লক্ষ্যে প্রক্রিয়াকরণের নিমিত্ত পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য ডিপিপি ১০ এপ্রিল ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অর্থবিভাগে প্রেরণ করা হয়। |
| ১.৪ | ২)জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ | অনুসন্ধান কূপ (লক্ষ্যমাত্রা ১টি; জামালপুর-১):<br>ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন করার লক্ষ্যে ১৩-০১-২০২৫ তারিখে কূপে রিগ আপ এবং ২৪-০১-২০২৫ তারিখে Spud-In শেষে ইতোমধ্যে ২৬০০ মিটার পর্যন্ত খনন কাজ সম্পন্ন হয়েছে। ৮১/২"হোল সেকশনে Logging, Cementing এবং Testing এর কাজ চলমান আছে এবং শীঘ্রই DST Operation সম্পন্ন করা হবে। |
| ১.৫ | | **উন্নয়ন কূপ (লক্ষ্যমাত্রা ২টি; সুন্দলপুর-৪, ভোলা নর্থ-৩/ শ্রীকাইল-৫):**<br>**সুন্দলপুর-৪** মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এলাকায় ভূমি অধিযাচন ও ভূমি উন্নয়ন কাজ চলমান আছে। খনন সংশ্লিষ্ট মালামাল ক্রয় এবং তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় কাজ চলমান রয়েছে।<br>প্রস্তাবিত ভোলা নর্থ-৩ কূপ খননের লক্ষ্যে আর্ন্তজাতিক উন্মুক্ত দরপত্র প্রণয়নের কাজ চলমান আছে।<br>**শ্রীকাইল-৫** মূল্যায়ন কাম উন্নয়ন কূপ এলাকায় ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া অন্যান্য পূর্ত কাজ চলমানের পাশাপাশি খনন সংশ্লিষ্ট মালামাল ক্রয় এবং তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় কাজ চলমান রয়েছে। |
| ১.৬ | | **ওয়ার্কওভার কূপ (লক্ষ্যমাত্রা ২টি (এসজিএফএল এর ২টি- সিলেট-৭, হবিগঞ্জ-৫))**<br>**সিলেট-৭** ওয়ার্কওভার শেষে গ্যাস উৎপাদন শুরু হয়েছে।<br>বিজিএফসিএল এর পত্র সূত্র নম্বর: ২৮.১০.১২১৩.৯০২.০৮.০১৬.২৪.২৬ তারিখ: ১৫-০৯-২০২৪ মোতাবেক **হবিগঞ্জ-৫** ওয়ার্কওভার এর পরিবর্তে **তিতাস-১৬** ওয়ার্কওভার করা হয়েছে। Annulus pressure অস্বাভাবিক থাকার কারণে (Tubing ছিদ্র হওয়ার কারণে) কূপটিতে ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করা হয়। পরবর্তীতে গ্যাস উৎপাদন পর্যায়ে অত্যাধিক পানি আসায় কর্তৃপক্ষীয় সিদ্ধান্তের প্রেক্ষিতে উক্ত কূপে পুনরায় ওয়ার্কওভারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা তিতাস-তিতাস-১৬ কূপের ২য় পর্যায়ে ০৯-০৩-২০২৫ তারিখে ওয়ার্কওভার কাজ শুরু করা হয়। কূপের ৩১২৩ মিটার থেকে ৩১৪০ মিটার গভীরতায় Bridge Plug Setting এর মাধ্যমে DST Operation সম্পন্ন করা হয়েছে। শীঘ্রই কূপে Completion কাজ সমাপ্ত করে গ্যাস উৎপাদন শুরু করা হবে।<br>**কৈলাশটিলা-৭** : বাপেক্স ও সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর মধ্যে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা কৈলাশটিলা-৭ ওয়ার্কওভার করার লক্ষ্যে ০১-০৩-২০২৫ তারিখে ওয়ার্কওভার শুরু করে ২৬-০৪-২০২৫ তারিখে ওয়ার্কওভার কাজ সফলভাবে শেষ হয়েছে। বর্তমানে কূপ হতে দৈনিক ৭.৫ (এমএমএসসিএফ) গ্যাস জাতীয় গ্রীডে সংযুক্ত করা হয়েছে। |
| ১.৭ | ৩) প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন | **গ্যাস উৎপাদন (লক্ষ্যমাত্রা ৪০ বিসিএফ) :**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৪০বিসিএফ। এপ্রিল, ২০২৫ মাসে ৩.১৬২ বিসিএফ গ্যাস উৎপাদিত হয়েছে। ক্রমপুঞ্জিভুত অর্জন: ৩৪.৩৩৬ বিসিএফ |
| ১.৮ | | **কনডেনসেট উৎপাদন (লক্ষ্যমাত্রা ৫ মিলিয়ন.লি) :**<br>লক্ষ্যমাত্রা নির্ধারণ: ৫মিলিয়ন.লি। এপ্রিল, ২০২৫ মাসে ০.৩৯৯ মিলিয়ন.লি কনডেনসেট উৎপাদিত হয়েছে। ক্রমপুঞ্জিভুত অর্জন: ৪.৭৭১ মিলিয়ন.লি। |
| ১.৯ | ৪) মানব সম্পদ উন্নয়ন | **মানবসম্পদ উন্নয়ন-প্রশিক্ষণ (লক্ষ্যমাত্রা ৮০০ জন):**<br>২০২৪-২৫ অর্থবছরে এপ্রিল, ২০২৫ মাসে ৬৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিভুত অর্জন: ৭৫২ জন। |
| ২.০ | | **আভ্যন্তরীন শিখনসেশন (লক্ষ্যমাত্রা ৮টি):**<br>২০২৪-২৫ অর্থবছরে এপ্রিল, ২০২৫ মাসে কোন আভ্যন্তরীন শিখন সেশন পরিচালনা করা হয়নি। ক্রমপুঞ্জিভুত অর্জন: ০৫। |

| | | |
|---|---|---|
| ২.১ | | **ওর্য়াকশপ/ সেমিনার পরিচালনা (লক্ষ্যমাত্রা ২টি):**<br>২০২৪-২৫ অর্থবছরে এপ্রিল, ২০২৫ মাসে এক (০১) টি ওর্য়াকশপ/ সেমিনার পরিচালনা করা হয়েছে। ক্রমপুঞ্জিভুত অর্জন: ০৩। |
| ২.২ | **৫) প্রসেসপ্লান্ট, পাইপ লাইন ও স্টোরেজ ট্যাংক এর সেফটি শক্তিশালীকরণ** | **গ্যাস গ্যাদারিং পাইপ লাইনের সিপি মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>৩০.০৪.২০২৫ তারিখ পর্যন্ত ০৪টি প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ২.৩ | | **পেট্রোলিয়াম প্রোডাক্ট এর স্টোরেজ ট্যাংকের সিপি মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>৩০.০৪.২০২৫ তারিখ পর্যন্ত ০৪টি প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ২.৪ | | **প্রসেস প্লান্টের আর্থিং সিস্টেম মনিটরিং (লক্ষ্যমাত্রা ৭৫ দিন অন্তর অন্তর মোট ৫টি রির্পোট):**<br>৩০.০৪.২০২৫ তারিখ পর্যন্ত ০৪টি প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ২.৫ | **৬) অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিং সফটওয়্যার ক্রয়** | **(লক্ষ্যমাত্রা: অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন এন্ড মনিটরিং সফটওয়্যার ক্রয়):**<br>অনলাইন রিয়েল টাইম ড্রিলিং ডাটা ট্রান্সমিশন মনিটরিংয়ের লক্ষ্যে একটি সফটওয়্যার ক্রয়ের লক্ষ্যে ইতোপূর্বে বিভিন্ন সফটওয়্যারের ফিচারসমূহ এবং তুলনামূলক বার্ষিক লাইসেন্সিং ফি বিবেচনায় রেখে গত ২৫-০৩-৩০২৫খ্রি. তারিখে AnyViewer Pro সফটওয়্যারটি ক্রয় করা হয়েছে। |

05/05/2025
মোসাঃ শ্রাবনী আকতার
উপব্যবস্থাপক (ভূতত্ত্ব)
বেসিন স্টাডি উপবিভাগ
ভূতাত্ত্বিক বিভাগ
বাপেক্স, ঢাকা।

Md. Mashiur Rahman
Deputy General Manager (Geology)
Geological Division
BAPEX, Dhaka

প্রকৌশলী মোহাম্মদ আহসানুল আমিন
উপমহাব্যবস্থাপক
পরিকল্পনা ...সিটি বিভাগ
বাপেক্স, ঢাকা।